

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকারপল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।  
এপিএ শাখা

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরেরর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিষয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. হুমায়রা সুলতানা  
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও এনআইএস টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।  
সভার তারিখ ও সময় : ১৮/০৯/২০২৩ দুপুর ১২.৩০ মি:।  
সভার স্থান : সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'।

সভাপতি উপস্থিত অত্র বিভাগের নৈতিকতা কমিটির সকল সদস্য এবং জুম প্ল্যাটফর্মের সংযুক্ত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান ২০২৩-২৪ অর্থ বছরের ১ম প্রান্তিক সমাপ্ত হবে। তিনি শুদ্ধাচারের সেকশন-২ এর আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন সেকশনের বিভিন্ন সূচক বাস্তবায়নের উপর গুরুত্ব দিয়ে বলেন এই কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়িত হলে প্রতিষ্ঠানের স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হবে। তিনি আরও অবহিত করেন ১৫/১০/২০২৩ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল এর অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগ প্রেরণ করতে হবে।

০২। সভায় উপস্থিত সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ জানান যে, তাদের সকলের ১ম প্রান্তিকের সকল সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পাদিত হয়েছে।

০৩। পরিশেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্রম নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	সূচক: ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ।	অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী দপ্তরের ক্রয় প্রক্রিয়া নিশ্চিত করতে হবে।	এ বিভাগের আইসিটি ইউনিট এবং আওতাধীন দপ্তর/সংস্থা।
২.	সূচক: ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন।	প্রতি কোয়ার্টারে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা।
৩.	সূচক: ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন।	লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PSC ও PIC সভা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা।
৪.	সূচক: ২.৫.২ সমাপ্ত উন্নয়ন প্রকল্পের সম্পদ (যানবাহন)বিধি মোতাবেক হস্তান্তর।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০০৬ সালের পরিপত্র অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের সমাপ্ত উন্নয়ন প্রকল্পের সম্পদ (কম্পিউটার/আসবাবপত্র/যানবাহন)হস্তান্তরের কার্যক্রম গ্রহণ করতে হবে। নীতিমালা অনুযায়ী সমাপ্ত প্রকল্পের যানবাহনসমূহ পরিবহনপুলে হস্তান্তরের বিষয় যোগাযোগ করা হলে এ সম্পর্কিত পত্রাদি ০৪/১০/২০২৩ তারিখের মধ্যে এপিএ শাখায় প্রেরণ করতে হবে।	আওতাধীন দপ্তর/সংস্থা এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।
৫.	প্রান্তিকের জন্য প্রতিবেদন প্রেরণ।	আগামী ০৪/১০/২০২৩ তারিখের মধ্যে ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।	আওতাধীন দপ্তর/সংস্থা।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৯/২০২৬

(ড. হুমায়রা সুলতানা)  
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)

ও  
এপিএ টিম প্রধান  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.১৬.০৩২.২৩.১৯৫

২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫-কাওরান বাজার, ঢাকা।
- ০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-৫, এ্যাভিনিউ-৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা/আরডিএ, বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন (৭ম তলা) ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ০৬। এনআইএস-টিমের সদস্য (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৭। সিস্টেম এনালিস্ট, (আইসিটি ইউনিট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। প্রোগ্রামার (আইসিটি ইউনিট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

অনুলিপি :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০২। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৩। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১২/০৯/২০২৬  
(মোহাম্মদ মিজমুর রহমান)  
উপসচিব (প্রশাসন)  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।